গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৭

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ট্রেড ইউনিয়ন কার্যক্রমের আওতায় বিগত ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ তিন অর্থ বছরে ৮৯৮টির অধিক ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে এবং নির্বাচনের মাধ্যমে ২৪টির অধিক প্রতিষ্ঠানে সিবিএ (যৌথ দরকষাকষি প্রতিনিধি) নির্ধারণ করা হয়েছে। সালিশী কার্যক্রমের মাধ্যমে প্রাপ্ত বিরোধের শতকরা ৮০ ভাগের বেশি শিল্প বিরোধ নিষ্পত্তি করা হয়েছে। ০৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিগত তিন অর্থ বছরে শিল্প সম্পর্ক ও শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স পরিচালনার মাধ্যমে ৩২৯০৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লিখিত প্রশিক্ষণসমূহের মাধ্যমে ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, সাধারণ শ্রমিক, ব্যবস্থাপনা কর্মকর্তা এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শ্রম প্রশাসন, শ্রম আইন, শ্রম মান, শ্রম কল্যাণ, মানবীয় সম্পর্ক, সামাজিক নিরাপত্তা ইত্যাদি বিষয় এবং শ্রম কল্যাণ কেন্দ্র কর্তৃক পরিচালিত শ্রমিক শিক্ষা কোর্সের দ্বারা প্রশিক্ষানার্থীদের শ্রম আইন, শ্রম স্বাস্থ্য খাদ্য ও পুষ্টি, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পারিবারিক বাজেট প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিগত তিন অর্থ বছরে বিনামূল্যে ১৯৮৬৯৯ জনকে স্বাস্থ্য সেবা, ৯১৫১৫ জনকে পরিবার পরিকল্পনা পরামর্শ ও সেবা এবং ৩২৫৭৩৬ জনকে চিত্তবিনোদন সুবিধা প্রদান করা হয়েছে।

এছাড়াও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে শ্রম অধিদপ্তর এর ৫২টি দপ্তরকে ই-নথি কার্যক্রমে অন্তরভুক্ত করে শতভাগ ই-নথি বাস্তবায়নে কাজ করছে। ইতোমধ্যে শ্রম অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের দপ্তরসমূহকে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেম ওয়ার্কে অন্তর্ভুক্ত করা হয়েছে। উদ্ভাবনী কার্যক্রমের আওতায় 'শ্রমিকের স্বাস্থ্যকথা' নামক মোবাইল অ্যাপসের মাধ্যমে টেলিমেডিসিন পদ্ধতিতে শ্রমিক ও তাঁদের পরিবারের সদস্যদের স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। শ্রম অধিদপ্তরের অন্যতম প্রধান সেবা ট্রেড ইউনিয়নের রেজিস্ট্রেশন প্রক্রিয়াকে সহজ করতে তা অনলাইনে প্রদান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

- শ্রমজীবী মানুষের জন্য কর্মোপযোগি পরিবেশ সৃষ্টি;
- শ্রমিকের অধিকার নিশ্চিতকরণ;
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমশক্তি গড়ে তোলা;
- শ্রমিক কল্যাণের পরিধি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শিল্প কারখানায় বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট ধারা বিধিসমূহ বাস্তবায়ন নিশ্চিত করা, বিদ্যমান শ্রম কল্যাণ কেন্দ্রগুলোকে শ্রমিকদের যথাযথ সেবা প্রদানের জন্য উন্নয়ন সাধন, প্রশিক্ষণের মাধ্যমে শ্রমিকদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রমকে গতিশীল করা।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- অনলাইনে ট্রেড ইউনিয়ন নিবন্ধনসহ সার্বিকভাবে ট্রেড ইউনিয়ন নিবন্ধন কার্যক্রম গতিশীল করা;
- শিল্প কারখানায় অংশগ্রহণকারী কমিটি গঠন;
- সকল শিল্প কারখানায় মালিক ও শ্রমিকদের মধ্যে যাতে শ্রম বিরোধ দেখা না দেয় সে বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ এবং বিরোধ দেখা দিলে দ্রুততম সময়ে আইন ও বিধিমতে নিষ্পত্তিকরণ;
- শ্রমজীবী মহিলাদের আবাসন সুবিধা প্রদানের জন্য নারায়ণগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে ০২টি ডরমিটরি নির্মাণ প্রকল্প সমাপ্তকরণ ও কার্যক্রম চালুকরণ, শ্রম কল্যাণ কেন্দ্র, টংগী, গাজিপুর আধুনিকায়ন;
- শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও চিত্ত বিনোদন সেবার সুযোগ বৃদ্ধি;
- অধিক সংখ্যক দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে কর্মমূখী প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ....০৭.... মাসের ..২৮.. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

শ্রমিক মালিকের মধ্যকার সর্ম্পক উন্নয়ন এবং শ্রমিকের অধিকার ও কল্যাণ নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

শ্রমিক-মালিকের মধ্যকার সম্পর্ক, ট্রেড ইউনিয়ন গঠন, শিল্প বিরোধ উত্থাপন ও নিস্পত্তি, অংশগ্রহণকারী কমিটি তত্ত্বাবধান, শ্রমিকের স্বাস্থ্য, কল্যাণ ও পরিবেশ, শিল্প সেক্টরের শ্রমিক ও মালিকের শিল্প-সম্পর্ক প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানে শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. শ্রমিকের অধিকার নিশ্চিতকরণের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন
২. শ্রমিকদের কল্যাণ জোরদার করা
৩. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমশক্তি সৃষ্টি ও শ্রম অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধি।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিস্পত্তি;
২. শ্রম আইন ও শ্রম বিধিমালার সংশ্লিষ্ট ধারা ও বিধিমালা প্রয়োগ;
৩. দক্ষ শ্রম জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আই.এল.ও সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে কাজ করা;
৪. সিবিএ নির্বাচন পরিচালনা;
৫. শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও চিত্তবিনোদন সুবিধা প্রদান;
৬. শ্রমিকদের শিক্ষা, কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;
৭. দেশের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণ করা ও প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা; এবং
৮. শিল্প কারখানায় ইতিবাচক শিল্প সম্পর্ক বজায় রাখা।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন নিষ্পন্নকরণ, সিবিএ নির্বাচন পরিচালনা, অংগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা ও সালিশী কার্যক্রমের মাধ্যমে শ্রম বিরোধ নিস্পত্তির মাধ্যমে শ্রমিকের অধিকার নিশ্চিতকরণ এবং শিল্প প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন | নিশ্চিতকৃত শ্রমিকের অধিকার | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | |
| শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা, পরিবার পরিকল্পনা সেবা ও চিত্তবিনোদন সুবিধা প্রদানের মাধ্যমে শ্রমিকদের কল্যাণ জোরদার করা | নিশ্চিতকৃত শ্রম কল্যাণ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ | বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ও লেবার জার্নাল |
| শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সরকার ও মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক, শ্রম প্রশাসণ, আন্তর্জাতিক শ্রম সংস্থার কার্যাবলী, শ্রম কনভেনশন এবং দেশীয় ও আন্তর্জাতিক শ্রম সংশ্লিষ্ট বিষয়ে ০৪ সপ্তাহব্যাপী প্রশিক্ষণ ও শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে শিল্প ও প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীদের শ্রম আইন, শ্রমিকের অধিকার ও দায়িত্ব, উদপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি এক সপ্তাহমেয়াদী প্রশিক্ষণ প্রদান করে দক্ষ শ্রমশক্তি সৃষ্টি ও শ্রম অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধি | শ্রম আইনে প্রশিক্ষিত জনবল | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও শ্রম কল্যাণসমূহ | বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন ও লেবার জার্নাল |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] শ্রমিকের অধিকার নিশ্চিতকরণের মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন | ৩০ | [১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন নিষ্পন্নকরণ | [১.১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | গড় | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| | | [১.২] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা | [১.২.১] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫০৬ | ৪২৮ | ৪০০ | ৩৮০ | ৩৫০ | ৩২০ | ৩০০ | ৫০০ | ৬০০ |
| | | [১.৩] শ্রম বিরোধ নিস্পত্তিকল্পে সালিশী কার্যক্রম পরিচালনা | [১.৩.১] সালিশী কার্যক্রম পরিচালিত | গড় | % | ৫ | ১০০ | ৮০ | ৮০ | ৭৮ | ৭৫ | ৭২ | ৭০ | ৯০ | ১০০ |
| | | [১.৪] সিবিএ নির্বাচন পরিচালনা | [১.৪.১] সিবিএ নির্বাচন পরিচালিত | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৩ | ৯০ | ১০০ | ১০০ |
| [২] শ্রমিকদের কল্যাণ জোরদার করা | ৩০ | [২.১] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান | [২.১.১] স্বাস্থ্যসেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ১০ | ৭৯০৮২ | ৫৬৩৩৪ | ৫৫০০০ | ৫০০০০ | ৪৫০০০ | ৪৩০০০ | ৪২০০০ | ৬০০০০ | ৬৫০০০ |
| | | [২.২] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদান | [২.২.১] পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩৩৯৪১ | ২৯৯৫৯ | ৩২০০০ | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৫০০০ | ৩৩০০০ | ৩৫০০০ |
| | | [২.৩] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে চিত্তবিনোদন সুবিধা প্রদান | [২.৩.১] চিত্তবিনোদন সুবিধা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সমষ্টি | সংখ্যা | ১০ | ১১৬৫৫৯ | ১০৩৯৭৮ | ১০০০০০ | ৯৮০০০ | ৯৫০০০ | ৯২০০০ | ৯০০০০ | ১১০০০০ | ১১৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ শ্রমশক্তি সৃষ্টি ও শ্রম অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধি। | ১৫ | [৩.১] শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সরকার ও মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক, শ্রম প্রশাসন, আন্তর্জাতিক শ্রম সংস্থার কার্যাবলী, শ্রম কনভেনশন এবং দেশীয় ও আন্তর্জাতিক শ্রম সংশ্লিষ্ট বিষয়ে ৪সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান। | [৩.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩০০ | ৩০৪ | ৩৩০ | ৩০০ | ২৮০ | ২৭০ | ২৫০ | ৩৫০ | ৪০০ |
| | | [৩.২] শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে শিল্প ও প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীদের শ্রম আইন, শ্রমিকের অধিকার ও দায়িত্ব, উদপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান। | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮০০০ | ৯৬২৬ | ৮০০০ | ৭৫০০ | ৭০০০ | ৬৫০০ | ৬০০০ | ১০৫০০ | ১১০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>শ্রম অধিদপ্তর<br>এ.কে.এম.মিজানুর রহমান<br>মহাপরিচালক<br>শ্রম অধিদপ্তর<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। | 28. 7. 2020<br>তারিখ |
| সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | 28. 07. 2020<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এনএসডিসি | ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কাউন্সিল |
| ২ | সিএসআর | কমিউনিটি সোশ্যাল রেসপন্সিবিলিটি |
| ৩ | আইএলও | ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন |
| ৪ | ইউএনএফপিএ | ইউনাইটেড ন্যাশন্স পপুলেশন ফান্ড |
| ৫ | বিজিএমইএ | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার এক্সপোর্টার্স এসোসিয়েশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধনের আবেদন নিষ্পন্নকরণ | [১.১.১] ট্রেড ইউনিয়ন নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের স্বার্থ রক্ষা ও কল্যাণের জন্য ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশন প্রদান করা হয়। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষে রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স হিসেবে মহাপরিচালক, শ্রম অধিদপ্তর অথবা তাঁর প্রতিনিধি রেজিস্ট্রশন প্রদান করে থাকেন। | ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রনীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [১.২] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালনা | [১.২.১] অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালিত | শ্রম আইনের বিধান অনুযায়ী রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন হিসেবে মহাপরিচালক অথবা তাঁর প্রতিনিধি কোন কোন ক্ষেত্রে প্রয়োজনীয়তার নিরিখে সরাসরি অংশগ্রহণকারী কমিটি নির্বাচন পরিচালনা করে থাকেন। | সালিশি শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রনীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [১.৩] শ্রম বিরোধ নিষ্পত্তিকল্পে সালিশী কার্যক্রম পরিচালনা | [১.৩.১] সালিশী কার্যক্রম পরিচালিত | শ্রমিক ও মালিকদের মধ্যে শ্রম বিরোধ দেখা দিলে এবং যেকোন পক্ষ কর্তৃক মহাপরিচালক বা মাহাপরিচালক কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আনুষ্ঠানিক অভিযোগ দাখিলকৃত হলে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধিত ২০১৮) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫-এর আলোকে শ্রম বিরোধ নিষ্পত্তি করা হয়। | সালিশি শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [১.৪] সিবিএ নির্বাচন পরিচালনা | [১.৪.১] সিবিএ নির্বাচন পরিচালিত | শ্রম আইনের বিধান অনুযায়ী রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন হিসেবে মহাপরিচালক অথবা তাঁর প্রতিনিধি কোন কোন ক্ষেত্রে প্রয়োজনীয়তার নিরিখে সরাসরি সিবিএ নির্বাচন পরিচালনা করে থাকেন। | ট্রেড ইউনিয়ন শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [২.১] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান | [২.১.১] স্বাস্থ্যসেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | শ্রম অধিদপ্তরে ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্র রয়েছে। এসব কেন্দ্রের মাধ্যমে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনা মূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। | চিকিৎসা ও পরিবার পরিকল্পনা শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [২.২] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদান | [২.২.১] পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | শ্রম অধিদপ্তরে ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্র রয়েছে। এসব কেন্দ্রের মাধ্যমে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়ে থাকে। | চিকিৎসা ও পরিবার পরিকল্পনা শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [২.৩] শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনামূল্যে চিত্তবিনোদন সুবিধা প্রদান | [২.৩.১] চিত্তবিনোদন সুবিধা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | শ্রম অধিদপ্তরে ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্র রয়েছে। এসব কেন্দ্রের মাধ্যমে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের চিত্তবিনোদন সুবিধাদি প্রদান করা হয়। | শ্রম কল্যাণ ও বিনোদন শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন শ্রম কল্যাণসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সরকার ও মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক, শ্রম প্রশাসন, আন্তর্জাতিক শ্রম সংস্থার কার্যাবলী, শ্রম কনভেনশন এবং দেশীয় ও আন্তর্জাতিক শ্রম সংশ্লিষ্ট বিষয়ে ৪সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান। | [৩.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | শ্রম অধিদপ্তরাধীন ০৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন কর্তৃক শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে সরকার ও মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের শ্রম আইন, শিল্প সম্পর্ক, শ্রম প্রশাসণ, আন্তর্জাতিক শ্রম সংস।থার কার্যাবলী, শ্রম কনভেনশন এবং দেশীয় ও আন্তর্জাতিক শ্রম সংশ্লিষ্ট বিষয়ে ৪সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। | প্রশিক্ষণ শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |
| [৩.২] শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে শিল্প ও প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীদের শ্রম আইন, শ্রমিকের অধিকার ও দায়িত্ব, উদপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান। | [৩.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | শ্রম অধিদপ্তরাধীন ০৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও ৩২টি শ্রম কল্যাণ কেন্দ্র পরিচালিত শ্রমিক শিক্ষ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে শিল্প ও প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীদের শ্রম আইন, শ্রমিকের অধিকার ও দায়িত্ব, উদপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | প্রশিক্ষণ শাখা, শ্রম অধিদপ্তর | শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও ও শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রণীত মাসিক প্রতিবেদন | শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ হতে প্রাপ্ত তথ্য (মাসিক প্রতিবেদন) |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | সালিশী কার্যক্রম পরিচালিত | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালিত | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | সিবিএ নির্বাচন পরিচালিত | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | বিভাগীয় ও আঞ্চলিক শ্রম দপ্তরসমূহ | ট্রেড ইউনিয়ন নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ | প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ | চিত্তবিনোদন সুবিধা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ | পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | শ্রম কল্যাণ কেন্দ্রসমূহ | স্বাস্থ্যসেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| অন্যান্য | শিল্প সম্পর্ক শিক্ষায়তনসমূহ | প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | নির্ধারিত সময়ে সকল প্রতিবেদন, প্রমাণক ও অন্যান্য তথ্য প্রাপ্তি | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | প্রশিক্ষণ প্রাপ্ত জনবল | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | চিত্তবিনোদন সুবিধা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | স্বাস্থ্যসেবা গ্রহণকারী শ্রমিক ও তাদের পরিবারের সদস্য | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সালিশী কার্যক্রম পরিচালিত | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | অংশগ্রহণকারী কমিটির নির্বাচন পরিচালিত | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সিবিএ নির্বাচন পরিচালিত | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ট্রেড ইউনিয়ন নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | সময়মত সকল প্রস্তাব অনুমোদন | সময়মত সূচকের লক্ষ্যমাত্রা অর্জন | সময়মত সহযোগীতা না পেলে লক্ষ্যমাত্রা অর্জিত না হবার আশঙ্কা |